দৈনিক বাংলা

তারিখ ৩০/৯/৮১
পৃষ্ঠা........ কলাম........

৭৭

# শিক্ষক অভাবে খুলনা প্রকৌশল কলেজের অস্তিত্ব বিপন্ন

(নিজস্ব প্রতিনিধি প্রেরিত)

খুলনা ২৮শে সেপ্টেম্বর।—এই বিভাগের একমাত্র ইঞ্জিনিয়ারিং কলেজ খুলনা ইঞ্জিনিয়ারিং কলেজ আজ চরম সংকটের সম্মুখীন। একথায় এর অস্তিত্ব আজ বিপন্ন হয়ে পড়েছে।

এই ইঞ্জিনিয়ারিং কলেজটি ১৯৭৪ সালে প্রথম চালু হয়। শুরু থেকেই শিক্ষকের অভাব থাকলেও বিগত তিন বছর আগে যে শিক্ষক সংকট দেখা দেয় তা আজও অব্যাহত রয়েছে। শিক্ষকের অভাবে গত বছর প্রথম বর্ষে কোন ছাত্র ভর্তি করা সম্ভব হয়নি। এবারে অবশ্য ছাত্র ভর্তির জন্য কলেজ কর্তৃপক্ষ ছাত্রদের কাছ থেকে আবেদন পত্র আহবান করেছেন।

কিন্তু প্রশ্ন থেকে যায় ছাত্র ভর্তি করার পর তাদেরকে পড়াবে কে? কলেজটিতে সিভিল ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল বিভাগ রয়েছে। এই তিনটি বিভাগ চালু রাখতে সর্বমোট ৫০ জন শিক্ষকের প্রয়োজন অথচ আজ সেখানে শিক্ষক আছেন মাত্র ৯ জন অর্থাৎ নির্ধারিত সংখ্যায় পৌঁছাতে আরও ৪১ জন শিক্ষক প্রয়োজন।

কিন্তু সমস্যা দাঁড়িয়েছে যে এই শিক্ষক সংগ্রহ এককভাবে কলেজ কর্তৃপক্ষের দ্বারা সম্ভব নয়। কলেজটি সার্বভৌম নয়, এটি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুমোদিত এইসব নানান অসুবিধার কথা চিন্তা করে কলেজটিকে একটি স্বায়ত্বশাসিত শিক্ষা প্রতিষ্ঠানে রূপান্তরিত করার প্রস্তাব শিক্ষা-বিভাগ থেকে দেওয়া হয়েছে এবং তা মন্ত্রী-পরিষদের সিদ্ধান্তের অপেক্ষায় রয়েছে। এবিষয়ে মন্ত্রী পরিষদের সিদ্ধান্ত সত্বর প্রকাশ করলে কলেজ কর্তৃপক্ষ নিজেরাই শিক্ষক নিয়োগ করতে পারবেন এবং প্রয়োজনবোধে কলেজটির উন্নয়নের জন্য অন্যান্য পদক্ষেপও নিতে পারবেন।